

শাবিতে বাংলা ভাষা বিষয়ে সিম্পোজিয়াম

সিলেট অফিস >

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) বাংলা ভাষাবিষয়ক দুই দিনব্যাপী আঞ্চলিক সিম্পোজিয়াম গতকাল শুক্রবার থেকে শুরু হয়েছে। এতে বাংলাদেশ ও ভারতের বাংলা ভাষা বিশেষজ্ঞ, গবেষক এবং নীতিনির্ধারকরা অংশ নিচ্ছেন। ইনস্টিটিউট অব ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির (আইআইসিটি) আয়োজনে 'ইন্টারন্যাশনাল সিম্পোজিয়াম অব বাংলা কম্পিউশনাল লিঙ্গুইস্টিকস' শীর্ষক এ সিম্পোজিয়ামের উদ্বোধন করেন শাবির ডারগ্রাণ্ড উপাচার্য ড. মুহাম্মদ ইলিয়াস উদ্দীন বিশ্বাস।

অনুষ্ঠানের উদ্দেশ্য সম্পর্কে শাবি আইআইসিটির পরিচালক ও অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল বলেন, 'বাংলার ওপর অনেক কাজ হচ্ছে। বাংলার ওপর কাজ তো আমাদেরই করতে হবে। তবে সে কাজটা যেন ঠিকভাবে সবার সঙ্গে যোগাযোগ রেখে সমন্বয়ের মাধ্যমে করতে পারে। একটা কাজ যেন অন্যরা পুনরাবৃত্তি না করে। কাজেই আমি এমন একটা সেন্টার করতে চাই, যেন যারাই এ বিষয়ে কাজ করতে চায়, তারা যেন এ বিষয়ে তথ্য নিতে পারে।'

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ও বিজ্ঞ কীবোর্ডের প্রতিষ্ঠাতা মোস্তাফা জব্বার বলেন, 'দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কম্পিউটারে বাংলা ভাষার বিষয়ে কাজ করছে। হয়তো একই কাজ একে একে জায়গায় ভিন্নভাবে করা হচ্ছে। সুতরাং কম্পিউটারে বাংলা ভাষার ব্যবহার প্রক্রিয়া যদি এগিয়ে নিতে চাই তবে এ ধরনের সিম্পোজিয়াম করতে হবে।'